**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 08-06-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM-AIIMS :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের নাগরিকদের উন্নত চিকিৎসা পরিষেবা প্রদানে রাজ্য সরকার বদ্ধপরিকর। সে লক্ষ্যে এজিএমসি ও জিবিপি হাসপাতাল সহ অন্যান্য স্বাস্থ্য প্রতিষ্ঠানে চিকিৎসা পরিষেবা ও পরিকাঠামোগত উন্নয়নে সরকার অগ্রাধিকার দিয়ে কাজ করছে। গতকাল ড. শ্যামাপ্রসাদ মুখার্জি লেনের ত্রিপুরা ইনস্টিটিউশন ফর ট্রান্সফরমেশন কার্যালয়ের কনফারেন্স হলে রাজ্যে সফররত নয়াদিল্লিস্থিত অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিকেল সায়েন্সেস, এইমস এর এক চিকিৎসক প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকে মুখ্যমন্ত্রী একথা বলেন। এইমস'র অধিকর্তা প্রফেসর (ডা.) এম. শ্রীনিবাস-এর নেতৃত্বে এই প্রতিনিধি দলে রয়েছেন ডা. রমেশ আগরওয়াল, ডা. লক্ষ্মীতেজ উন্ডাভাল্লি, ডা. অরুণা কুমারী। বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমানে চিকিৎসা ক্ষেত্রে টেলিমেডিসিন পরিষেবাটি অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। রাজ্যে টেলি এডুকেশন ও টেলি কনসাল্টেশন পরিষেবাকে চালু করার ক্ষেত্রে সরকারের দৃষ্টিভঙ্গির কথাও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন।

বৈঠকে স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামো ও পরিষেবা উন্নয়নে সরকারের গৃহীত পদক্ষেপগুলি বিস্তারিতভাবে তুলে ধরেন।

বৈঠকে এজিএমসি ও জিবিপি হাসপাতালের রোগী কল্যাণ সমিতির চেয়ারপার্সন বিধায়ক মীনারাণী সরকার বৈঠকে উপস্থিত ছিলেন।

**************************

**PM on Rajnath Singh :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল বলেছেন, ভারতের উপর যেকোনো আক্রমণের কড়া জবাব দেওয়া হবে এবং সন্ত্রাসবাদী ও তাদের সমর্থনকারীদের মধ্যে কোনও পার্থক্য করা হবে না। সীমান্ত সন্ত্রাসবাদের প্রতি ভারতের শূন্য-সহনশীলতার কথা পুনর্ব্যক্ত করে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং-এর লেখা একটি নিবন্ধ শেয়ার করার সময় শ্রী মোদী এই কথা বলেন।

প্রতিরক্ষামন্ত্রী তার প্রবন্ধে পাকিস্তান-সমর্থিত সন্ত্রাসবাদের প্রতি ভারতের শূন্য-সহনশীলতার অবস্থান তুলে ধরেছেন এবং এর বিরুদ্ধে পদক্ষেপ নেওয়ার আশ্বাস দিয়েছেন। শ্রী সিং বলেছেন যে আলোচনা এবং সন্ত্রাসবাদ একসাথে চলতে পারে না। পাকিস্তানের সঙ্গে ভবিষ্যতের যেকোনো আলোচনা কেবল সন্ত্রাসবাদ এবং পাক-অধিকৃত কাশ্মীরের উপর কেন্দ্রীভূত হবে।

**************************

**Transfer:**

পুলিশের আইপিএস ও টিপিএস স্তরে ১০৮ জন অফিসার বদলি হয়েছেন। রাজ্যের সাধারন প্রশাসনের অবর সচিব জয় দত্ত এক বিজ্ঞপ্তিতে জানান, বদলির তালিকায় ডিআইজিপি রতিরঞ্জন দেবনাথ, উত্তর জেলার সহকারি পুলিশ সুপার দেসাই রুসিকেশ জয়সিং, অতিরিক্ত পুলিশ সুপার চিরঞ্জীব চক্রবর্তী প্রমুখ রয়েছেন।

**************************

**CM visit to Tufania lunga:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ বামুটিয়া বিধানসভার তুফানিয়া লুঙ্গা চা বাগানে একগুচ্ছ কর্মসূচিতে অংশ নেবেন। গতকাল এই উদ্দেশ্যে তুফানিয়া লুঙ্গা মাঠে স্থানীয় প্রশাসনের এক বৈঠক হয়। অনুষ্ঠানে চা শ্রমিকদের জমির

পাট্টা বিলি, প্রশাসনিক শিবির, নেশামুক্ত অভিযানের অঙ্গ হিসেবে মিছিল, বৃক্ষ রোপণ, রক্তদান শিবির এবং কৃষকদের কৃষি সামগ্রী বিতরন কর্মসূচির উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী।

*************************

**VKSA :**

রাজ্য কৃষি ও কৃষক কল্যান দপ্তর থেকে জানানো হয়েছে যে, বিকশিত কৃষি সংকল্প অভিযান কর্মসূচীতে রাজ্যে এ পর্যন্ত ১ লক্ষ ১৫ হাজার ৯১৬ জন কৃষিজীবী অংশ নিয়েছেন। এর মধ্য ৭৬ হাজার ১৪৮ জন পুরুষ কৃষিজীবী এবং ৩৯ হাজার ৭৬৮ জন মহিলা কৃষিজীবী। সবচেয়ে বেশি সংখ্যক কৃষিজীবী অংশ নিয়েছেন পশ্চিম ত্রিপুরা জেলায় ২৩ হাজার ৫৯০ জন। গোমতী জেলায় ১৮ হাজার ৫০ জন, দক্ষিণ ত্রিপুরা জেলায় ১৫ হাজার,১৫২ জন, সিপাহীজলা জেলায় ১২ হাজার ৯৭৯ জন, ধলাই জেলায় ১২ হাজার ৬৮৪ জন, উত্তর জেলায় ১২ হাজার ৬৬৬ জন, খোয়াই জেলায় ১০ হাজার ৪৭১ জন, এবং উনকোটি জেলায় অংশ নেন ১০ হাজার ৩২৪ জন।

*************************

**Idd ul Azha:**

গোমাতি জেলার ১২১ টি মসজিদে গতকাল উদযাপিত হয়েছে ইসলাম ধর্ম প্রিয় মানুষের অন্যতম প্রধান উৎসব ঈদ-উল-আজহা। জেলার তিন মহকুমার উদয়পুরে ১০৫ টি অমরপুরে ১২ টি ও করবুকের ৪ টি মসজিদে ঈদের নামাজ অনুষ্ঠিত হয় ।একই সঙ্গে আলোচনা, নামাজ ও খুদমা পাঠ, আলিঙ্গন ও শুভেচ্ছা বিনিময় ইত্যাদির মধ্য দিয়ে এই উৎসব পালিত হয়।

*************************

**PM-CDRI :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল দুর্যোগ প্রতিরোধী পরিকাঠামো সম্মেলন ২০২৫ এ আফ্রিকান ইউনিয়নের যোগদানে আনন্দ প্রকাশ করেছেন। দুর্যোগ প্রতিরোধী পরিকাঠামো ২০২৫ সংক্রান্ত আন্তর্জাতিক সম্মেলনে একটি ভিডিও বার্তার মাধ্যমে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী কার্যকর কর্মসূচি প্রণয়ন এবং উন্নয়নশীল দেশগুলির অর্থায়নের সুযোগ নিশ্চিত করার প্রয়োজনীয়তার উপর জোর দেন।

*************************

**Awareness programme :**

সঞ্জীবনী সামাজিক সংস্থার উদ্যোগে ও রাজ্য ট্রাফিক দপ্তরের সহযোগিতায় শহরের বিভিন্ন জায়গায় গতকাল ট্রাফিক সচেতনতা কর্মসূচি পালন করা হয়। সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে এই কর্মসূচির মূল উদ্দেশ্য হচ্ছে ট্রাফিক আইন গুলি সম্পর্কে মানুষকে আরো সচেতন করে তোলা।

*************************

**Second Division:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতা আজ থেকে শুরু হচ্ছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সন্ধ্যা ছয়টায় আসরের উদ্বোধন হবে। উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর ডা. মানিক সাহা উপস্থিত থাকবেন। পরে সাড়ে ছয়টায় নৈশালোকে উদ্বোধনী ম্যাচে ঐকতান যুব সংস্থা ও স্কাইলার্ক ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। এবারের আসরে ৯টি দল অংশ নিয়েছে। সিঙ্গেল লিগের ভিত্তিতে চ্যাম্পিয়নশীপের ফয়সলা হবে। এন এস আর সি সি দল এন্ট্রি না নেয়ায় ইতিমধ্যেই তৃতীয় ডিভিশনে অবনমন হয়েছে।

*************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের কিছু কিছু জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আকাশ সাধারনত মেঘাচ্ছন্ন থাকবে| দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

**************************

**************************